আনুষ্ঠানিকভাবে নজরুল বর্ষের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী উপলক্ষে ঘোষিত ‘নজরুল বর্ষ’-এর আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

বৃহস্পতিবার (২ জুলাই) সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে তিনি সারাদেশের ৬৪ জেলায় একযোগে নজরুল বর্ষের কার্যক্রমের উদ্বোধন ঘোষণা করেন।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, কাজী নজরুল ইসলামের সাহিত্য, সংগীত ও মানবিক দর্শন দেশ-বিদেশে আরও ব্যাপকভাবে তুলে ধরতে হবে। নতুন প্রজন্মের কাছে তাঁর চিন্তা ও সৃষ্টিকে পৌঁছে দিতে বছরজুড়ে নানা কর্মসূচি বাস্তবায়নের ওপরও গুরুত্বারোপ করেন তিনি।

তিনি আরও বলেন, জেলা ও উপজেলা পর্যায় থেকে শুরু করে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করে নজরুল বর্ষ উদযাপন করা প্রয়োজন, যাতে জাতীয় কবির আদর্শ ও সৃষ্টিকর্ম আরও বিস্তৃতভাবে ছড়িয়ে পড়ে।

এর আগে, এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ২০২৬ সালের ২৫ মে থেকে ২০২৭ সালের ২৫ মে পর্যন্ত সময়কে ‘নজরুল বর্ষ’ হিসেবে ঘোষণা করেছিলেন।